



প্রেস রিলিজ

২১ জুলাই ২০২৫

## বাউবির শোকবার্তা

মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমান বিধ্বস্ত হয়ে শিক্ষার্থী নিহত ও আহত :

বাউবি উপাচার্যের গভীর শোক প্রকাশ

মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ, দিয়াবাড়ি, উত্তরা ক্যাম্পাসের উপর একটি প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হয়ে আজ ২১ জুলাই ২০২৫ শিক্ষার্থী নিহত ও আহত হওয়ার মর্মান্তিক ঘটনায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন। এক শোকবার্তায় মাননীয় উপাচার্য বলেন, “নিষ্পাপ শিক্ষার্থীদের প্রাণহানির এই হৃদয়বিদারক দুর্ঘটনা জাতি হিসেবে আমাদের জন্য এক অপূরণীয় ক্ষতি। সম্ভাবনাময় তরুণ প্রাণগুলোর অকাল মৃত্যু আমাদের হৃদয়ে গভীর ক্ষতের সৃষ্টি করেছে। আমি নিহতদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছি এবং শোকসন্তপ্ত পরিবার, বন্ধু, সহপাঠী ও সংশ্লিষ্টদের প্রতি জানাচ্ছি গভীর সহমর্মিতা। পাশাপাশি আহতদের দ্রুত আরোগ্য কামনা করছি। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকেও এই শোকাবহ মুহূর্তে মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক ও সংশ্লিষ্ট সকলের প্রতি আন্তরিক সমবেদনা জানানো হয়েছে। বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে আরও বলা হয়, ভবিষ্যতে এ ধরনের মর্মান্তিক দুর্ঘটনা যেন আর না ঘটে, সে জন্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে যথাযথ, কার্যকর ও দায়িত্বশীল পদক্ষেপ গ্রহণের আহ্বান জানানো হচ্ছে।

মো: খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল: ০১৭১১২০৭৬৯৮